

সরকারি হল দুপচাঁচিয়ার শহীদ মনসুর আলী ডিগ্রি কলেজ

সংবাদ : | প্রতিনিধি, দুপচাঁচিয়া (বগুড়া)

| ঢাকা, বৃহস্পতিবার, ১১ অক্টোবর ২০১৮

সরকারের
মেয়াদের শেষ
দিকে এসে
বগুড়ার
দুপচাঁচিয়া
উপজেলার
অন্তর্গত শহীদ
এম মনসুর আলী
ডিগ্রি কলেজকে
সরকারিকরণ করা হল।



দুপচাঁচিয়া (বগুড়া) : সরকারি শহীদ এম মনসুর আলী ডিগ্রি কলেজ ভবন -সংবাদ

গত মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ (বেসরকারি কলেজ ও অধিশাখা) এর উপসচিব ম.রাশেদুল ইসলাম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয় কলেজটিকে ৭ অক্টোবর থেকে সরকারিকরণ করা হলো। কলেজটি সরকারিকরণ হওয়াতে কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি অধ্যক্ষ খাদিজা খাতুন শেফালী (সাবেক এমপি), অধ্যক্ষ শিক্ষক-শিক্ষিকা মন্ডলী, কর্মচারীবৃন্দ ও শিক্ষার্থীরা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শিক্ষামন্ত্রী
নুরুল ইসলাম নাহিদ কে অভিনন্দন
জানিয়েছেন।